উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

# কর্ণফুলী উপজেলা আইন শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ শাহিনা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম

সভার তারিখ ঃ ১৮ জুলাই ২০২১

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থান ঃ উপজেলা সম্মেলন কক্ষ, কর্ণফুলী, চট্টগ্রাম

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা "পরিশিষ্ট ক"

সভাপতি কর্ণফুলী উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির "Zoom Cloud Meeting" এর মাধ্যমে ভার্চুয়াল সভায় অংশগ্রণকারী সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভার কার্যবিবরণীর ফলোআপ পর্যালোচনা করা হয়। কর্ণফুলী উপজেলার সার্বিক আইন শৃংখলা পরিস্থিতি বিষয়ে মতামত উপস্থাপন করার জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ জানান।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | কর্ণফুলী উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান সভায় বলেন, আসন্ন ঈদুল আযহা'র কোরবানী পশুর হাটের পরের দিন গবাদি পশুর মলমূত্র ও আবর্জনা পরিস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইজারাদারকে অনুরোধ করেন। তিনি আরও বলেন, বর্তমান কোরবানী পশুর হাটের আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি সন্তোযজনক। করোনা ভাইরাস প্রতিরোধকল্পে সরকারের বিধি-নিষেধ প্রতিপালনের বিষয়ে প্রতিটি কোরবানী পশুর হাটে তদারকি অব্যাহত রাখার জন্য অফিসার ইনচার্জ, কর্ণফুলী থানাকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কোরবানী পশুর হাটের পরের দিন গবাদি পশুর মলমূত্র ও আবর্জনা পরিস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ইজারাদারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইজারাদার(সকল) |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী সভায় বলেন, কোরবানী ঈদের সময় কিছু কিছু এলাকায় যত্রতত্র রাস্তার উপর পশু কোরবানী দেয়া হয় এবং কোরবানী পশুর রক্ত, গোবর ও বর্জ্য যথাযথভাবে পরিস্কার করা হয় না। ইউনিয়ন পরিষদের নির্ধারিত স্থানে পশু কোরবানী করতে হবে এবং রাস্তার উপর বা যত্রতত্র পশু জবাই করা যাবে না। কোরবানী পশুর কাঁচা চামড়া যথাযথ সংরক্ষণ করার ব্যবস্থা নিতে হবে। পশু জবাইয়ের পূর্বে গর্ত করে গর্তের মধ্যে পশুর রক্ত, গোবর ও বর্জ্য রেখে ভালভাবে মাটি চাপা দিতে হবে এবং পশু কোরবানীর স্থান পানি দিয়ে ভালভাবে পরিস্কার করার জন্য এলাকায় মাইকিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের নির্ধারিত স্থানে পশু কোরবানী করতে হবে এবং রাস্তার উপর বা যত্রতত্র পশু জবাই করা যাবে না। কোরবানী পশুর কাঁচা চামড়া যথাযথ সংরক্ষণ করার ব্যবস্থা নিতে হবে। পশু জবাইয়ের পূর্বে গর্ত করে গর্তের মধ্যে পশুর রক্ত, গোবর ও বর্জ্য রেখে ভালভাবে মাটি চাপা দিতে হবে এবং পশু কোরবানীর স্থান পানি দিয়ে ভালভাবে পরিস্কার করার বিষয়টি এলাকায় মাইকিং করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান(সকল) ইউপি |

| | | | |
|---|---|---|---|
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা সভায় বলেন, নোভেল করোনা ভাইরাস প্রতিরোধে প্রতিটি কোরবানী পশু হাটের প্রবেশ পথে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, সাবান ও পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে এবং সামাজিক দূরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি মেনে চলার বিষয়ে মোবাইল কোর্ট পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কর্ণফুলী ও নির্বাহী ম্যাজিস্ট্রেটকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে করোনা ভাইরাস প্রতিরোধে কোরবানী পশু হাটে প্রবেশ পথে সাবান ও পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার রাখার জন্য সকল ইজারাদারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইজারাদার(সকল) হাট-বাজার |
| ৪ | অফিসার ইনচার্জ, কর্ণফুলী থানা সভায় বলেন, কোরবানী পশুর হাটের পরের দিন গবাদি পশুর মলমূত্র ও আবর্জনা পরিষ্কার করার জন্য সংশ্লিষ্ট ইজারাদারকে অনুরোধ করেন এবং রাস্তার উপর বা যত্রতত্র পশু কোরবানী দেয়া যাবে না। স্বাস্থ্যবিধি ও সরকারী বিধি-নিষেধ মেনে পশু কোরবানী দেয়ার জন্য সবাইকে অনুরোধ করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে কর্ণফুলী উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে কোরবানী পশুর হাটে প্রবেশ পথ ও বাহির পথ আলাদা করে স্বাস্থ্য বিধি মেনে মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখা জন্য সংশ্লিষ্ট ইজারাদারকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইজারাদার(সকল) |

সভায় অন্যকোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/০৭/২০২১

শাহিনা সুলতানা
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম
unokarnafuli@mopa.gov.bd
মোবাইল: ০১৭১২১৩৩৫১১

স্মারক নং-০৫.২০.১৫৩৯.০০০.০৩.০০২.২০২০- ৬৫৬

তারিখঃ ০৩ শ্রাবণ ১৪২৮ / ১৮ জুলাই ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

১। মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-১৩ (আনোয়ারা-কর্ণফুলী) ও মূখ্য উপদেষ্টা, উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, কর্ণফুলী, চট্টগ্রাম।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
৩। জেলা ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম।
৪। পুলিশ কমিশনার,সি.এম.পি.চট্টগ্রাম।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা,উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, কর্ণফুলী, চট্টগ্রাম।
৬। সহকারী কমিশনার(ভূমি),কর্ণফুলী, চট্টগ্রাম।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,উপদেষ্টা,উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি,কর্ণফুলী, চট্টগ্রাম।
৮। ..............................................কর্মকর্তা ও সদস্য, উপজেলা আইন শৃংখলা কমিটি,কর্ণফুলী, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান,বড়উঠান/জুলধা/শিকলবাহা/চরলক্ষ্যা/চরপাথরঘাটা, ইউনিয়ন পরিষদ,কর্ণফুলী, চট্টগ্রাম।
১০। ..............................................................................................
১১। অফিস নথি।

২১/০৭/২০২১

শাহিনা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম